

# সিনিয়র সিস্টেম এনালিস্ট

- ◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
  - ◇ প্রোগ্রামার
  - ◇ সহকারী প্রোগ্রামার
  - ◇ স:মে:ই-১/স:মে:ই-২
  - ◇ নথি
- ডায়েরি নং: ০৫/০০/২০২০  
তারিখ: ০৫/০৩/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা।  
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.৩২.২০(অংশ-৩)-১৬০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬  
০৮ মার্চ ২০২০

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে কিশোরগঞ্জ সড়ক বিভাগাধীন পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচিতে অন্তর্ভুক্ত সংক্রান্ত।

সূত্র: স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২০-১১৮; তারিখ: ২৩/০২/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ময়মনসিংহ সড়ক জোনের ২০১৯-২০২০ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচির অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কটি নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

সড়কের নাম	সড়ক বিভাগের নাম	সড়কের চেইনেজ কি.মি. ও স্থানীয় নাম	দৈর্ঘ্য (কি.মি.)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়)	কাজের ধরণ
ত্রিশাল-বালিপাড়া-কানুরামপুর সড়ক (জেড-৩০৩৪)	কিশোরগঞ্জ	০০+০০০ হতে ০০+৯৪৫ কি.মি. (খালের মোড় হতে চরভেলামারি ঘাট পর্যন্ত)	০.৯৪৫	৪১১.১২	মজবুতীকরণ, ৫০ মি.মি. ডিবিএস ওয়ারিং কোর্স এবং রিজিড পেভমেন্ট
মোটঃ				৪১১.১২	

## শর্তঃ

- ১। ২০১৯-২০২০ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
- ২। ২০১৯ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
- ৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভুক্ত করতে হবে;
- ৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;
- ৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং ন্যূনতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৯-২০২০ অর্থবছরের কর্মসূচির আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Asphalt Batching plant ব্যবহার করতে হবে। শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;
- ৭। ২০১৯-২০২০ অর্থবছরের কর্মসূচির আওতাভুক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;
- ৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচির আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচির আওতাভুক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;
- ১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;
- ১১। ২০১৯-২০২০ অর্থবছরের গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরু তারিখ হতে (Notice to commence) সর্বোচ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভুক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভুক্ত করা যাবে।
- ১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত ন্যূনতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;
- ১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

পূর্ব পৃষ্ঠা হতে-

- ১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন, ২০১৬ (১ আগস্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Asphalt Batching plant না থাকলে ভাড়া গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Asphalt Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Asphalt Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- ১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ১৮। ২০১৯-২০২০ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;
- ১৯। ২০১৯-২০২০ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দুর্বল/ক্ষতিগ্রস্ত থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২০। ২০১৯-২০২০ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ
- ২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কের ন্যূনতম Class-30 মানের হতে হবে;
- ২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচি বাস্তবায়ন করতে হবে;
- ২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে;
- ২৫। প্রতিটি কর্মসূচিতে প্রয়োজন অনুযায়ী রোড মার্কিং, সাইন-সিগন্যাল অন্তর্ভুক্ত করতে হবে;
- ২৬। অনুমোদিত কর্মসূচির সাথে আহবানকৃত দরপত্রের মিল থাকতে হবে (যেমন: চেইনেজ, প্রাক্কলিত মূল্য, মহাসড়কের নাম, কাজের স্থানীয় নাম ইত্যাদি); এবং
- ২৭। কোনো ধরনের অসংগতি পরিলক্ষিত হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণপূর্বক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।

দীপঙ্কর মন্ডল

উপসচিব

ফোন: ৯৫১৪০৭৫।

dsmaintenance@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। যুগ্মসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৩। উপসচিব (জিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মনিটরিং টিম প্রধান, টিম নং০৯।
- ০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, ময়মনসিংহ সড়ক জোন, ময়মনসিংহ।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ০৭। অফিস কপি/ মাস্টার কপি।